

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট  
১৪/২ তোপখানা রোড, আনসারী ভবন (৪র্থ তলা), ঢাকা

স্মারক নং - ৪৫.০৫.০০০০.০০৭.৩২.০০৬.১৬. ১৬৭

তারিখ: ১১ কার্তিক ১৪২৭ বং  
২৭ অক্টোবর ২০২০ খ্রি.

অফিস আদেশ


পুনরাদেশ না দেয়া পর্যন্ত টাঙ্গাইল জেলায় বাস্তবায়নাধীন স্বাস্থ্য সুরক্ষা কর্মসূচি (এসএসকে) এর জন্য নিয়োগকৃত তিন (০৩) জন ফিল্ড সুপারভাইজার-কে তাদের নামের পাশে ছকে বর্ণিত অবস্থান উপজেলা ও কর্মএলাকা বন্টন করা হলো এবং এসএসকে কার্যক্রম সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে ২ নং অনুচ্ছেদে বর্ণিত দায়িত্ব অর্পণ করা হলো:

ক্র. নং	নাম	অবস্থান উপজেলা	কর্মএলাকা
১।	জনাব মো: শাহিন আলম	কালিহাতি উপজেলা	কালিহাতি, দেলদুয়ার ও নাগরপুর উপজেলা এবং টাঙ্গাইল সদর হাসপাতাল
২।	জনাব মো: রফিকুল ইসলাম	ঘাটাইল উপজেলা	ঘাটাইল, সখিপুর, বাসাইল ও মির্জাপুর উপজেলা
৩।	জনাব রিফাত হোসাইন	মধুপুর উপজেলা	মধুপুর, ধনবাড়ী, ভূয়াপুর ও গোপালপুর উপজেলা

০২। দায়িত্ব ও কর্তব্যঃ

- (১) এসএসকে বুথ ও এসএসকে ফার্মেসী নিয়মিত পরিদর্শন, এসএসকে নীতিমালা অনুযায়ী ২৪/৭ পরিচালিত হচ্ছে কিনা এবং ফার্মেসী হতে শুধুমাত্র তালিকাভুক্ত কোম্পানীর ঔষধ কোম্পানীর ঔষধ সরবরাহ করা হচ্ছে কিনা তা নিশ্চিতকরণ;
- (২) হাসপাতাল প্রাঙ্গণ, বহিঃবিভাগ, অন্তঃবিভাগ, জরুরী বিভাগ এবং প্যাথলজি ও এক্সরে বিভাগ নিয়মিত পরিদর্শনপূর্বক পরিষ্কার-পরিচ্ছন্নতা ও নিরাপত্তা ব্যবস্থা তদারকিকরণ এবং প্রয়োজনে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে ব্যবস্থা গ্রহণের জন্য অবহিতকরণ;
- (৩) অন্তঃবিভাগ পরিদর্শন এবং ভর্তিকৃত এসএসকে রোগীদের সাথে কথা বলে প্রদত্ত সেবা সম্পর্কে তাদের মতামত গ্রহণ, সেবা কার্যক্রম সমন্বয়করণ, প্রয়োজনবোধে তা সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিতকরণ;
- (৪) স্কিম অপারেটরের দৈনন্দিন কার্যক্রম পর্যবেক্ষণ ও তদারকি;
- (৫) এসএসকে কার্ডহোল্ডারদের যথাযথ সেবা নিশ্চিত করার লক্ষ্যে হাসপাতালের বহিঃবিভাগ, অন্তঃবিভাগ, জরুরী বিভাগ এবং প্যাথলজি ও এক্সরেসহ অন্যান্য বিভাগ পরিদর্শন করে সেবা প্রদান কার্যক্রমে প্রয়োজনীয় পরামর্শদান;
- (৬) প্রতি মাসে উপজেলা এসএসকে বাস্তবায়ন কমিটির সভা আয়োজনে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে প্রয়োজনীয় সহায়তা প্রদান;
- (৭) এসএসকে রোগীদের সেবা প্রদান শেষে ক্লেইম ফাইল তৈরীতে হাসপাতালকে সহযোগিতা প্রদান।
- (৮) নবগঠিত উপজেলা এসএসকে বাস্তবায়ন কমিটির সদস্যদের সাথে যোগাযোগ, কমিটির দায়িত্ব ও কর্তব্য সম্বন্ধে অবহিতকরণ এবং প্রয়োজনে এসএসকে সেলের সাথে পরামর্শপূর্বক সভার আয়োজন;
- (৯) এসএসকে সেল কর্তৃক প্রস্তুতকৃত দারিদ্র্যসীমার নিচে (BPL) বসবাসকারী পরিবারের তালিকা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও উপজেলা চেয়ারম্যানের নেতৃত্বে গঠিত কমিটির মাধ্যমে যাচাই-বাহাই করে তা চূড়ান্তকরণ;
- (১০) এসএসকে স্কিম অপারেটর কর্তৃক BPL পরিবারসমূহের নিবন্ধন এবং কার্ড বিতরণের সময়ে মাঠ পর্যায়ের কাজ তদারকিকরণ, সমন্বয়করণ ও প্রয়োজনীয় সহায়তা প্রদান;
- (১১) ছক মোতাবেক এসএসকে সেল এ নিয়মিত প্রতিবেদন প্রেরণ;
- (১২) কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন।

৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর বলে গণ্য হবে। এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

  
২৭.১০.২০২০

(ড. মো. নুরুল আমিন)  
পরিচালক গবেষণা (উপসচিব)  
স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম  
ফোন : ৯৫৮২৩৫৪

বিতরণ :

- ১। জনাব মো: শাহিন আলম, ফিল্ড সুপারভাইজার, এসএসকে সেল, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম।
- ২। জনাব মো: রফিকুল ইসলাম, ফিল্ড সুপারভাইজার, এসএসকে সেল, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম।
- ৩। জনাব রিফাত হোসাইন, ফিল্ড সুপারভাইজার, এসএসকে সেল, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম।

অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। যুগ্মসচিব ও প্রোগ্রাম ম্যানেজার, কিউআইএস/জিএনএসপি ইউনিট, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম।
- ২। পরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম।
- ৩। উপপরিচালক, ২৫০ শয্যা বিশিষ্ট হাসপাতাল, টাঙ্গাইল (দায়িত্ব অর্পিত কর্মকর্তাকে তাঁর দায়িত্বপালনে সার্বিক সহযোগিতাদানের অনুরোধসহ)।
- ৪। সিভিল সার্জন, টাঙ্গাইল (দায়িত্ব অর্পিত কর্মকর্তাকে তাঁর দায়িত্বপালনে সার্বিক সহযোগিতাদানের অনুরোধসহ)।
- ৫। উপজেলা চেয়ারম্যান, সদর উপজেলা/কালিহাতি/সখিপুর/ভূয়াপুর/মির্জাপুর/দেলদুয়ার/বাসাইল/ নাগরপুর/ঘাটাইল/ মধুপুর/ধনবাড়ী/গোপালপুর উপজেলা, টাঙ্গাইল।
- ৬। উপপরিচালক/সিনিয়র সহকারী প্রধান (সকল), স্বাস্থ্য অর্থনীতি ইউনিট/জিএনএসপি ইউনিট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম।
- ৭। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সদর উপজেলা/কালিহাতি/সখিপুর/ভূয়াপুর/মির্জাপুর/দেলদুয়ার/বাসাইল/ নাগরপুর/ঘাটাইল/ মধুপুর/ধনবাড়ী/গোপালপুর, টাঙ্গাইল (দায়িত্ব অর্পিত কর্মকর্তাকে তাঁর দায়িত্বপালনে সার্বিক সহযোগিতাদানের অনুরোধসহ)।
- ৮। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সদর উপজেলা/কালিহাতি/সখিপুর/ভূয়াপুর/মির্জাপুর/দেলদুয়ার/বাসাইল/ নাগরপুর/ঘাটাইল/মধুপুর/ধনবাড়ী/গোপালপুর, টাঙ্গাইল (দায়িত্ব অর্পিত কর্মকর্তাকে তাঁর দায়িত্বপালনে সার্বিক সহযোগিতাদানের অনুরোধসহ)।
- ৯। উপজেলা স্বাস্থ্য সুরক্ষা কর্মসূচি বাস্তবায়ন কমিটির সকল সদস্য
- ১০। এসএসকে সেল (সকল), স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম।
- ১১। স্কিম অপারেটর, এসএসকে।
- ১২। প্রশাসনিক কর্মকর্তা/ সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম।
- ১৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম।
- ১৪। অফিস কপি।